# নাগরিক সনদ (Citizen Charter)
# (সেবাপ্রদান প্রতিশ্রুতি)
# উপজেলা ভূমি অফিস
# মান্দা, নওগাঁ।

**জনসেবার জন্য প্রশাসন**

- ✓ যথাসময়ে ভূমি উন্নয়ন কর পরিশোধ করুন।
- ✓ আপনার ভূমির কাগজপত্র সযত্নে রাখুন।
- ✓ ভূমি আইন সম্পর্কে নিজে জানুন, অন্যকে জানান।
- ✓ সেবা নিতে নিজে আসুন, দালালকে না বলুন।

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদানের প্রক্রিয়া ও প্রয়োজনীয় কাগজপত্র | সেবার নির্ধারিত মূল্য | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | উর্দ্ধতন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ০১ | নামজারী (খারিজ/মিউটেশন) | ১। ২০/-(বিশ) টাকা মূল্যের কোর্ট ফি সহ আবেদন<br>২। সর্বশেষ মালিকের নামীয় প্রস্তাবিত খতিয়ান<br>৩। ক্রয়সূত্রে মালিক হলে মূল দলিলের সার্টিফাইড কপি/ফটোকপি<br>৪। বায়া/পিট দলিলের ফটোকপি<br>৫। বন্টননামা/বাটোয়ারা দলিল(প্রযোজ্য ক্ষেত্রে)<br>৬। আদালতের রায়/ডিক্রির মাধ্যমে জমির মালিকানা লাভ করলে উক্ত রায়ের সার্টিফাইড কপি/ফটোকপি।<br>৭। হাল সন পর্যন্ত ভূমি উন্নয়ন কর প্রদানের রশিদ (দাখিলা) এর ফটোকপি।<br>৮। অনধিক তিন মাসের মধ্যে ইস্যুকৃত মূল ওয়ারিশান সনদ/ সার্টিফিকেট।<br>৯। আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি।<br>১০। আবেদনকারী নিজে আবেদন না করলে প্রতিনিধি ও আবেদনকারী উভয়ের পাসপোর্ট সাইজের ছবি ও প্রতিনিধির প্রত্যয়নপত্র (আবেদনকারী কর্তৃক)।<br>১১। জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্ব সনদ/পাসপোর্টের সত্যায়িত ফটোকপি। | **ভূমি মন্ত্রণালয়ের ৩০ জুন ২০১৫ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৪২.০৪. ০১৯.০৮-৫৯৮ নং পরিপত্র অনুযায়ী**<br>(১) নোটিশ জারী ফি=৫০/-টাকা<br>(২) রেকর্ড সংশোধন ফি=১০০০/- টাকা<br>(৩) প্রতিকপি মিউটেশন খতিয়ান সরবরাহ বাবদ=১০০/-টাকা।<br>সর্বমোট=১১৫০/-(এক হাজার একশত পঞ্চাশ) টাকা (নামজারী কেস অনুমোদন হলে) ডিসিআর এর মাধ্যমে জমা দিতে হবে। | ৪৫/- (পঁয়তাল্লিশ) কার্যদিবস | সহকারী কমিশনার (ভূমি)<br><br>(ডিসিআরের জন্য নাজিরের সঙ্গে যোগাযোগ করতে হবে) | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) নওগাঁ |
| ০২ | কৃষি খাস জমি বন্দোবস্ত | নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে ভূমিহীন সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, নাগরিকত্ব সনদ ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে। উপজেলা কৃষি খাস জমি বন্দোবস্ত কমিটির সুপারিশের আলোকে জেলা কমিটি বন্দোবস্ত অনুমোদনের ব্যবস্থা নেবেন। কৃষি খাস জমি বন্দোবস্ত নীতিমালা, ১৯৯৭ অনুযায়ী যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা হবে। | ১(এক) টাকা সেলামী প্রদান করে কবুলিয়ত সম্পাদন করতে হবে। | ০১ মাস হতে ০৬ মাস (সম্ভাব্য) | সংশ্লিষ্ট সার্ভেয়ার/কানুনগো | সহকারী কমিশনার(ভূমি)<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩ | অকৃষি খাস জমি বন্দোবস্ত | ২০/-(বিশ) টাকা মূল্যের কোর্টফিসহ জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে ১৯৯৫ সালের অকৃষি খাস জমি বন্দোবস্ত নীতিমালার শর্তাদি পূরণ করে প্রয়োজনীয় সকল কাগজপত্র জমা দিতে হবে। | সরকার কর্তৃক নির্ধারিত (জমির) মূল্য পরিশোধ করতে হবে। | ০১ মাস হতে ০১ বছর (সম্ভাব্য) | সংশ্লিষ্ট সার্ভেয়ার/কানুনগো | সহকারী কমিশনার(ভূমি)<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার |
| ০৪ | হাটবাজারের একসনা লাইসেন্স নবায়ন | ২০/-(বিশ) টাকা মূল্যের কোর্টফিসহ আবেদন করতে হবে। | সরকার কর্তৃক নির্ধারিত হারে নবায়ন ফি পরিশোধ করতে হবে। | সম্ভাব্য স্বল্পতম সময়ে | সংশ্লিষ্ট সার্ভেয়ার/নাজির | সহকারী কমিশনার(ভূমি)<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | জলমহাল ইজারা (২০ একরের নিম্নে) | প্রতি বছর ১ বৈশাখের পূর্বে জলমহাল ইজারার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তির আলোকে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন | ডাকমূল্যসহ এর অতিরিক্ত ১৫% ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করতে হবে। | আইন/বিধি মোতাবেক | সংশ্লিষ্ট সার্ভেয়ার/নাজির | সহকারী কমিশনার(ভূমি) |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | করতে হয়। উপজেলা জলমহাল কমিটি যোগ্যতম আবেদনকারীকে বিধি মোতাবেক ইজারা প্রদান করে থাকেন। | | নির্ধারিত সময়ে | | ও<br>উপজেলা নির্বাহী অফিসার |
| ০৬ | আশ্রয়ণ/আবাসন ও আদর্শগ্রাম/গুচ্ছগ্রাম প্রকল্পে ভূমিহীনদের পুর্নবাসন | বিজ্ঞপ্তি প্রকাশের পর নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে ভূমিহীন সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, নাগরিকত্ব সনদ এবং বিজ্ঞপ্তির নির্দেশনামতে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে। এ সংক্রান্ত উপজেলা কমিটির সুপারিশের আলোকে জেলা কমিটি বন্দোবস্ত অনুমোদনের ব্যবস্থা নিবেন। | বিনামূল্যে। | ০১ মাস হতে ০১ বছর (সম্ভাব্য) | সংশ্লিষ্ট সার্ভেয়ার/কানুনগো | সহকারী কমিশনার(ভূমি)<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার |
| ০৭ | অর্পিত সম্পত্তির লীজ নবায়ন | যথা সময়ে ২০/-(বিশ) টাকা মূল্যের কোর্টফিসহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। | সরকার নির্ধারিত হারে শ্রেনীভিত্তিক লিজ মানি | ০১ হতে ১৫ দিন (সম্ভাব্য) | ভিপি সহকারী/ নাজির | সহকারী কমিশনার(ভূমি)<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার |
| ০৮ | মিস কেসের মাধ্যমে বিবিধ বিষয়ে প্রতিকার প্রদান | ২০/-(বিশ) টাকা মূল্যের কোর্টফিসহ কি প্রতিকার চান তা সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে (ক) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (খ) এক কপি পাসপোর্ট আকারের ছবি (গ) আদালতের রায়/ডিক্রির মাধ্যমে রেকর্ড সংশোধন চাইলে উক্ত রায়ের সার্টিফাইড কপি/ফটোকপি (ঘ) অন্যান্য ক্ষেত্রে আবেদনের আলোকে প্রয়োজনীয় সকল কাগজপত্র। | (ক) সংশোধিত খতিয়ান ফি বাবদ=১১৫০/- (এক হাজার একশত পঞ্চাশ) টাকা।<br>(খ) অন্যান্য ক্ষেত্রে কোন ফি লাগবে না। | ০১ হতে ০৩ মাস বা কেসভেদে প্রয়োজনীয় সময় (সম্ভাব্য) | সহকারী কমিশনার(ভূমি) | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) নওগাঁ |
| ০৯ | পুরাতন নামজারী কেসের অনুমোদিত খতিয়ান প্রদান | ২০/-(বিশ) টাকা মূল্যের কোর্টফিসহ আবেদন করতে হবে। কেস নথি সংরক্ষিত থাকা সাপেক্ষে খতিয়ান প্রদান করা হবে। | বিনামূল্যে। | ০১ হতে ০৭ দিন (সম্ভাব্য) | নাজির কাম ক্যাশিয়ার | সহকারী কমিশনার(ভূমি) |
| ১০ | মিস কেসের জাবেদা নকল প্রদান | ২০/-(বিশ) টাকা মূল্যের কোর্টফি এবং প্রয়োজনীয় ডেমি/ফলিওসহ আবেদন করতে হবে। | বিনামূল্যে। | ০১ হতে ০৭ দিন (সম্ভাব্য) | নাজির কাম ক্যাশিয়ার | সহকারী কমিশনার(ভূমি) |

*** এ কার্যালয় থেকে বিনয়ী আচরণ ও সহযোগিতামূলক সেবা পাওয়া আপনার অধিকার।**
*** ভূমি সেবা বিষয়ে পরামর্শের জন্য (অফিস চলাকালীন সময়ে) তথ্য ও সহায়তা কেন্দ্র (Help Desk) "পুণ্যাহ" তে সরাসরি যোগাযোগ করুন অথবা ফোন করুন ০৭৪২৫-৬২০২৯ নম্বরে অথবা মোবাইল করুন ০১৭৩০৪৬০০২৫ নম্বরে।**
*** আমাদের সম্পর্কে জানতে আরও দেখুন http://acl.manda.naogaon.gov.bd/, Facebook এ AC Land Manda Naogaon এবং ডাউনলোড করুন ভূমি সেবা সংক্রান্ত application "ভূমি সেবা"।**
*** Facebook এ উপজেলা ভূমি অফিস, মান্দা, নওগাঁ (http://www.facebook.com/acland.mandapage) পেইজটিতে ভূমি অফিসের বিভিন্ন সেবা বিষয়ে আপনার গঠনমূলক মতামত, সুচিন্তিত পরামর্শ শেয়ার করতে পারেন এবং অভিযোগ দাখিল করতে পারেন।**
***যথাযথ সেবা নিশ্চিতকল্পে আবেদনপত্রে আপনার পূর্ণ নাম, ঠিকানা ও মোবাইল/টেলিফোন নম্বর স্পষ্টভাবে উল্লেখ করুন।**

**উর্দ্ধতন কর্তৃপক্ষে সাথে যোগাযোগ:**

| সহকারী কমিশনার(ভূমি), মান্দা, নওগাঁ | উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ | অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), নওগাঁ | জেলা প্রশাসক, নওগাঁ |
|---|---|---|---|
| ফোন: ০৭৪২৫-৬২০২৯<br>ইমেইল: acl.manda.gov.bd@gmail.com | ফোন: ০৭৪২৫-৬২০০১<br>ইমেইল: unomanda@mopa.gov.bd | ফোন: ০৭৪১-৬২৩৩৩ | ফোন: ০৭৪১-৬২৫২৩<br>ইমেইল: dcnaogaon@mopa.gov.bd |

প্রচার ও বাস্তবায়নে: **সহকারী কমিশনার (ভূমি), মান্দা, নওগাঁ।**